ISO 9001:2015 Certified

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

মহিপাল, ফেনী

নম্বর ২৭.১২.৩০২৯.৫১৬.০২.০০৮.২৩.৩৫৭০

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩০

০৩ অক্টোবর ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর ইনডোর উপকেন্দ্র এবং সুইচিং স্টেশনে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে "নিরাপত্তা প্রহরী" নিয়োগের নিমিত্ত দৈনিক মজুরী ভিত্তিতে (কাজ নাই মজুরী নাই) "নিরাপত্তা প্রহরী" পদে নিয়োগের প্যানেল তৈরীর জন্য যোগ্যতা সম্পন্ন ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা পুরুষ নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম/ পদের সংখ্যা	বয়স সীমা	মজুরী	শিক্ষাগত প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা	যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১	নিরাপত্তা প্রহরী (দৈনিক মজুরী ভিত্তিতে) ০২ (দুই) টি (পুরুষদের জন্য সংরক্ষিত)	১৯/১০/২০২৩ খ্রিঃ তারিখে বয়স সীমা নূন্যতম ১৮ এবং অনুর্ধ্ব ৬৫ বছর।	পবিস সমূহে নিরাপত্তা প্রহরীর কাজের অনুমতি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী দৈনিক মজুরী ৪০০.০০ (চারশত) টাকা	ক) শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৮ম শ্রেণী/সমমান পাশ হতে হবে। খ) প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর হতে হবে। গ) প্রার্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় লেখা এবং পড়ার ন্যূনতম দক্ষতা থাকতে হবে। ঘ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। ঙ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন এবং শারীরিকভাবে সক্ষম হতে হবে। উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	শুধুমাত্র ফেনী পবিস এর ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী অর্থাৎ ফেনী জেলার সদর, ছাগলনাইয়া, ফুলগাজী, দাগনভূঞা, সোনাগাজী, পরশুরাম উপজেলার যোগ্যতা সম্পন্ন শুধু মাত্র পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

অন্যান্য শর্তাবলীঃ

০১।আবেদনকারীগণ ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট ((pbs.feni.gov.bd)) হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ-১১০-০০২,ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১৯/১০/২০২৩ খ্রিঃ তারিখ এর মধ্যে অফিস চলাকালীন জেনারেল ম্যানেজার, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। সাদা কাগজে (A4 সাইজ) টাইপকৃত, সরাসরি হাতে হাতে এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। খামের উপর প্রার্থীর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে;

০২। নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবেঃ

(ক) ওয়েব সাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।
(খ) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি।
(গ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (মার্কশীট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নহে)।
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর এর নিকট হতে চারিত্রিক ও নাগারিকত্ব সনদ।
(ঙ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।

সকল কাগজপত্র ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে।

০৩) নির্বাচিত প্রার্থীকে দৈনিক (কাজ নাই মজুরী নাই) ভিত্তিতে পবিস কর্তৃপক্ষ কর্তৃক নিরাপত্তা প্রহরী হিসেবে কাজের অনুমতি প্রদান করা হবে এবং দৈনিক মজুরী হবে ৪০০/- (চারশত) টাকা, যা মাসিক ভিত্তিতে প্রদান করা হবে। তবে ভবিষ্যতে বাজারমূল্য বিবেচনায় বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মজুরী হ্রাস/বৃদ্ধি হতে পারে। নিরাপত্তা কাজের অনুমতিপ্রাপ্ত প্রহরী দৈনিক রাত্রিকালীন ০৮ ঘন্টা সময়কালের জন্য দায়িত্ব পালনে নিয়োজিত থাকবেন। নিয়োজিত থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন করতে হবে;

০৪) যে দিন কর্মে নিয়োজিত থাকবে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেই দিনের জন্য ৪০০/- (চারশত) টাকা মজুরী পাবেন; এক্ষেত্রে কোন ভাতা, বোনাস পাবেন না;

০৫) অনুমতিপ্রাপ্ত নিরাপত্তা প্রহরীর নিজ নামে ব্যাংকে একটি হিসাব নম্বর থাকবে এবং তাতে মাসিক ভিত্তিতে মোট মজুরী প্রদান করা হবে;

০৬) প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ন বা অসত্য বা অসঙ্গতি প্রমানিত হলে তার প্রার্থীতা বাতিল হবে।

০৭) এ ধরণের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না বা প্রার্থীর এ বিষয়ে কোন দাবী গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন ততদিন ‘‘ দৈনিক মজুরী’’ ভিত্তিতে কাজ করার অনুমতি বলবৎ থাকবে।

০৮) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র সমিতির কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৯) নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও প্রার্থী কর্তৃক পূরণকৃত ফর্মে প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১০) পুলিশ প্রশাসন কর্তৃক প্রাক-পরিচয় যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে/ কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তার কাজের অনুমতিপত্র বাতিল করা হবে ;

১১) প্রার্থীকে কাজের অনুমতি প্রদানের সময় কোন রেজিস্টার্ড চিকিৎসক/পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে;

১২) অনুমতি প্রদানের সময় নিরাপত্তা প্রহরী কর্তৃক নিরাপত্তা জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে সমিতি কর্তৃক ফেরত প্রদান করা হবে;

১৩) অনুমতিপ্রাপ্ত প্রত্যেক নিরাপত্তা প্রহরীকে সংশ্লিষ্ট পবিস কর্তৃক ইউনিফর্ম (শার্ট, প্যান্ট, জুতা, টুপি) ও অন্যান্য সরঞ্জাম (বাঁশি, টর্চ, লাঠি, ছাতা) সরবরাহ করা হবে।

১৪) প্রার্থীকে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর যে কোন ইনডোর উপকেন্দ্র অথবা সুইচিং স্টেশনে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে নিরাপত্তা প্রহরী হিসেবে নিয়োজিত থাকতে সম্মত হতে হবে।

১৫) অবাধ্যতা, অননুমোদিত অনুপস্থিতি, অযোগ্যতা, অসদাচরণ বা দুর্নীতির দায়ে দোষী হলে তাৎক্ষণিকভাবে তার কাজের অনুমতিপত্র বাতিল করা হবে;

১৬) যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে অনুমতি হতে অব্যাহতি প্রদান করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয় নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৭) বাছাই/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৮) কোন প্রার্থী যদি ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী হয়ে থাকেন অথবা দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হয়ে থাকেন তবে উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

১৯) অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী বাছাই/নির্বাচন/অনুমতিপত্র প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত-ই চূড়ান্ত বলে গণ্যহবে।

৩-১০-২০২৩

হাওলাদার মোঃ ফজলুর রহমান

জেনারেল ম্যানেজার

ফোন: ০২৩৩৪৪-৭২৩০০

ইমেইল: fenipbs84@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী

৫) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, ফেনী

৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করা জন্য অনুরোধসহ)।

৭) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, -----------------পবিস/১/২/৩/৪।

৮) উপজেলা নির্বাহী অফিসার, সদর/ ফুলগাজী/সোনাগাজী/ছাগলনাইয়া/দাগনভূঞা/পরশুরাম উপজেলা, ফেনী (নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।

৯) ডিজিএম, দাগনভূঞা জোনাল অফিস, ফেনী পবিস।

১০) ডিজিএম, সোনাগাজী জোনাল অফিস, ফেনী পবিস ।

১১) ডিজিএম, ছাগলনাইয়া জোনাল অফিস, ফেনী পবিস।

১২) ডিজিএম, পরশুরাম জোনাল অফিস, ফেনী পবিস।

১৩) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

১৪) ডিজিএম, ফুলগাজী জোনাল অফিস, ফেনী পবিস।

১৫) এজিএম(ওএন্ডএম), রাজাপুর সাব-জোনাল অফিস, ফেনী পবিস।

১৬) এজিএম(ওএন্ডএম), কসকা সাব-জোনাল অফিস, ফেনী পবিস।

১৭) এজিএম(ওএন্ডএম), কাজিরহাট সাব-জোনাল অফিস, ফেনী পবিস।

১৮) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

১৯) এজিএম (অর্থ-রাজস্ব) (অতিরিক্ত দায়িত্ব), অর্থ (রাজস্ব) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

২০) এজিএম (ওএন্ডএম), ওএন্ডএম বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

২১) এজিএম (আইটি), আইটি বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধসহ)।

২২) এজিএম (প্রশাসন), প্রশাসন বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

২৩) এজিএম (সদস্য সেবা) (অতিরিক্ত দায়িত্ব), সদস্য সেবা বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

২৪) এজিএম (ইএন্ডসি) (চলতি দায়িত্ব), ইএন্ডসি বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

২৫) নোটিশ বোর্ড, ফেনী পবিস।

ফরম নং-বাপবিবোর্ড-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১, তারিখ ঃ-২৭/০৪/২০১৪ খ্রিঃ।

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর নিরাপত্তা প্রহরী (কাজ নাই মজুরী নাই) পদে প্যানেলভুক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এক কপি সত্যায়িত ছবি এ ঘরে স্ট্যাপলার দিয়ে লাগাতে হবে (ছবির অপর পৃষ্ঠায় প্রার্থীকে স্বহস্তে নিজের নাম বাংলায় লিখতে হবে)।

জেনারেল ম্যানেজার
ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-

২. আবেদনকৃত পদের নাম: নিরাপত্তা প্রহরী (কাজ নাই মজুরী নাই)

৩. পদের ধরন ঃ কাজ নাই মজুরী নাই

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ....

৫. প্রকাশনার তারিখ ....

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) .... (বড় হাতের অক্ষর ইংরেজিতে) ....

৭. জন্ম তারিখ ..../............./...........(দিন/মাস/বছর)

৮. পিতার নাম ....

৯. বয়স (১৯/১০/২০২৩ খ্রিঃ তারিখে) ....

১০. মাতার নাম ....

১১. ধর্ম ....

১২. জাতীয়তা ....

১৩. নিজ জেলা ....

১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর ....

১৫. বৈবাহিক অবস্থা ঃ (টিক (√) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালী অংশে টিক (√) দিন)ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানা ঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী	খ. ডাকঘর	গ. উপজেলা/থানা	ঘ. জেলা
....	....	....	....

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী	খ. ডাকঘর	গ. উপজেলা/থানা	ঘ. জেলা
....	....	....	....

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে)ঃ

উত্তীর্ণ পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	সিজিপিএ/ বিভাগ/ শ্রেণি		সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর
		সিজিপিএ স্কেল	প্রাপ্ত বিভাগ/শ্রেণি/গ্রেড	
...............শ্রেণি				
এসএসসি/সমমান				
এইচএসসি/সমমান				
স্নাতক				

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে) ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা	চাকুরীর/পদের নাম ও বেতনক্রম	যোগদানের তারিখ	চাকুরী পরিত্যাগের তারিখ

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দুজন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)
১।
২।

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিজের তথ্য প্রদেয় হবে)।

কর্মরত পবিস এর নাম	পদের নাম	বর্তমান পদে মোট চাকুরীকাল	প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তির্ণ কি না (হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে।	পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড)

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসাবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি এবং তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল বা মিথ্যা তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবোর্ড কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহন করলে আমি তা মানতে বাধ্য থাকব।

....
তারিখ

....
আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ-সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদের-কে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী।

পাসপোর্ট সাইজের
এক কপি সত্যায়িত
ছবি এ ঘরে আটা
দিয়ে লাগাতে হবে

লিখিত (এমসিকিউ)/লিখিত (রচনামূলক)/মৌখিক সাক্ষাতকার পরীক্ষার

প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ

পরীক্ষার তারিখ ও সময় ঃ

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ

ঠিকানা ঃ

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির
স্বাক্ষর ও সীলমোহর।

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

পদের নাম ঃ...

প্রার্থীর নাম ....

যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে ইচ্ছুক...

....

....

মোবাইল নম্বর:

পরীক্ষার্থীর প্রতি সাধারণ নির্দেশাবলী

০১. পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহন করতে দেয়া হবে না।

০২. নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে আসন গ্রহন করতে হবে। প্রশ্নপত্র দেয়ার পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩. উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪. পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ ও মোবাইল ফোন আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারন ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫. চাকুরীর আবেদনপত্রের সাথে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬. পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭. উল্লেখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরিক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে প্রয়োজন মনে করলে পরিদর্শক গোপনীয়ভাবে পরীক্ষার্থীর রোল নম্বর সংগ্রহ করতঃ তা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের নিকট জমা দিবেন।